

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭-৬৭২

তারিখ : ০১ কার্তিক, ১৪২৪
১৬ অক্টোবর, ২০১৭


প্রেরক : ড. সৈয়দা নওশীন পর্ণিনী
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি, নিউ সার্কুলার রোড
মালিবাগ মোড়, মৌচাক টাওয়ার (১১ তলা), ঢাকা।

বিষয় : ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট বরাদ্দ হতে ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরদের বর্তমান বছরের আনুতোষিক ভাতার ২য় কিস্তির অর্থছাড়করণ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট বরাদ্দের ২০,০০,০০,০০০.০০ (বিশ কোটি) টাকা হতে ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর বর্তমান বছরের আনুতোষিক ভাতার সরকারি অংশের ২য় কিস্তি বাবদ ৫,০০,০০,০০০.০০ (পাঁচ কোটি) টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি। জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ অপর পৃষ্ঠায় দেখানো হলো। প্রত্যেক জেলার জন্য মঞ্জুরীকৃত অর্থ উঠানোর অথরিটিপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট জরুরী ভিত্তিতে প্রেরণপূর্বক অবহিত করণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- ২। জেলা প্রশাসকগণ তাদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ট্রেজারী হতে উত্তোলন করে ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর বকেয়াসহ বর্তমান বছরের আনুতোষিক ভাতার সরকারি অংশ সরাসরি প্রদান করবেন;
- ৩। বর্তমান অর্থ বছরের (২০১৭-২০১৮) অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-৩/৩৭০৫/৩৬০৭/৫৯০১ ইউনিয়ন পরিষদের পেনশন মঞ্জুরী বাবদ সহায়তা খাত হতে উপরোক্ত ব্যয় নির্বাহ করা হবে;
- ৪। এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- ৬। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০১৮ এর মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।



(ড. সৈয়দা নওশীন পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭-৬৭২

তারিখ : ০১ কার্তিক, ১৪২৪
১৬ অক্টোবর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা)।
- ২। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) -----জেলা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(ড. সৈয়দা নওশীন পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব

২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট বরাদ্দ হতে ইউপি সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটরদের আনুতোষিক ভাতার ২য় কিস্তির জেলাওয়ারী বরাদ্দ :

ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ	ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ
১	ঢাকা	ঢাকা	৭০০০০০	৩৩	রাজশাহী	রাজশাহী	০
২		নারায়নগঞ্জ	৭৫০০০০	৩৪		সিরাজগঞ্জ	১১৩৮০০০
৩		মুন্সিগঞ্জ	৩২০০০০০	৩৫		চাপাইনবাবগঞ্জ	২৮০০০০
৪		মানিকগঞ্জ	৬০৩০০০	৩৬		পাবনা	৬২৫০০০
৫		নরসিংদী	৫০১০০০	৩৭		নাটোর	৩৮৫০০০
৬		গাজীপুর	০	৩৮		বগুড়া	১২০০০০০
৭		কিশোরগঞ্জ	৫৭০০০০	৩৯		জয়পুরহাট	৩০০০০০
৮		টাংগাইল	৮৬১০০০	৪০		নওগাঁ	১২৫০০০০
৯		ফরিদপুর	৬০০০০০	৪১		রংপুর	৬৫০০০০
১০		মাদারীপুর	৮০০০০০	৪২		কুড়িগ্রাম	৫৮৫০০০
১১		রাজবাড়ী	১০০০০	৪৩		পঞ্চগড়	০
১২		শরীয়তপুর	৫৮৫০০০	৪৪		দিনাজপুর	১৫৪০০০০
১৩		গোপালগঞ্জ	১২০০০০০	৪৫		লালমনিরহাট	৬২৫০০০
১৪	ময়মনসিংহ	ময়মনসিংহ	৮৭৫০০০	৪৬	গাইবান্ধা	৫৫০০০০	
১৫		নেত্রকোনা	৮১৫০০০	৪৭	নীলফামারী	৮৫০০০০	
১৬		শেরপুর	০	৪৮	ঠাকুরগাঁও	০	
১৭		জামালপুর	৯১২০০০	৪৯	খুলনা	৫৩০০০০	
১৮	চট্টগ্রাম	চট্টগ্রাম	১৯০০০০০	৫০	যশোর	৫১৫০০০	
১৯		ব্রাহ্মণবাড়িয়া	১২৫০০০০	৫১	নড়াইল	১১১৫০০০	
২০		চাঁদপুর	১৩৮০০০০	৫২	মেহেরপুর	২৪০০০০	
২১		লক্ষীপুর	৬২৫০০০	৫৩	বাগেরহাট	৪৫০০০০	
২২		নোয়াখালী	১৫১০০০০	৫৪	চুয়াডাঙ্গা	০	
২৩		ফেনী	৩০৪০০০	৫৫	মাগুরা	০	
২৪		কক্সবাজার	২১২৫০০০	৫৬	কুষ্টিয়া	১৬৮০০০০	
২৫		রাঙ্গামাটি	২৫০০০০	৫৭	সাতক্ষীরা	১৪১০০০০	
২৬		কুমিল্লা	১০০০০০০	৫৮	ঝিনাইদহ	৬০০০০০	
২৭		খাগড়াছড়ি	২৫০০০০	৫৯	বরিশাল	বরিশাল	৮৭৫০০০
২৮	বান্দরবান	৩১৪০০০	৬০	বরগুনা		৩৮০০০০	
২৯	সিলেট	সিলেট	১২৫০০০০	৬১		পিরোজপুর	৩০০০০০
৩০		হবিগঞ্জ	৭৫০০০০	৬২		পটুয়াখালী	১৮০০০০০
৩১		মৌলভীবাজার	১৩১২০০০	৬৩		ঝালকাঠি	৩০০০০০
৩২		সুনামগঞ্জ	১৭৫৫০০০	৬৪		ভোলা	৮৭০০০০

মোট = ৫০০০০০০০.০০

(কথায় : পাঁচ কোটি টাকা মাত্র)


(ড. সৈয়দা নওশীন পার্বিনী)
সিনিয়র সহকারী সচিব